গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowr.gov.bd

নং-৪২.০৩২.০০২.০১.০০.০০৫.২০১০-৭২৮

তারিখ: ১৭ শ্রাবণ, ১৪২০ বঃ
০১ আগষ্ট, ২০১৩ খ্রিঃ

বিষয়ঃ জাতীয় বেতনস্কেল, ২০০৯-এর অনুচ্ছেদ সংশোধন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের ০৩-০৭-২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং-এস.আর.ও নং ২০২-আইন/২০১৩ ও ১৭-০৭-২০১৩ তারিখের নং-০৭.০০.০০০০.১৬১.০০.০০.১৭.১২-১৬২(১২২) এর ছায়ালিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

( মাহবুবা বিলকিস )
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৭০১।

বিতরণঃ

১। ------------------------------- সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান(সকল) পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), বনানী, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
সচিবালয়
ওয়াপদাভবন, মতিঝিল, ঢাকা।

স্মারক নং-০০/১(২)-পাউবো(সচি)/অধিনি-২

তারিখঃ ০০-০৮-২০১৩।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লেষণীয় কপিসহ অনুলিপি প্রেরণ করা হলো ঃ
১। পরিচালক, হিসাব রক্ষন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। পরিচালক, কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

উপ-সচিব(অর্থ)
বাপাউবো, ঢাকা।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২৪, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)

প্রজ্ঞাপন

তারিখ, ১০ আষাঢ় ১৪২০ বঙ্গাব্দ/২৪ জুন ২০১৩ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৮৯-আইন/২০১৩/০৭.০০.০০০০.১৬১.০৭.০০১.১২-১৪০।—Services (Reorganization and Conditions) Act, 1975 (Act no. XXXII of 1975) এর section ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এস, আর, ও নং ২৫৯-আইন/২০০৯/অম/অবি(বাস্তঃ-১)/জাঃবেঃস্কেলঃ-৫/২০০৯/২৩৬; তারিখ ০২ ডিসেম্বর, ২০০৯ খ্রিস্টাব্দ এর মাধ্যমে জারীকৃত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১০ এর—

(অ) উপ-অনুচ্ছেদ (১) এর শেষাংশে নিম্নরূপ ব্যাখ্যা সংযোজিত হইবে, যথা :—

"ব্যাখ্যা—এই উপ-অনুচ্ছেদে বর্ণিত "চাকরির মেয়াদ" বলিতে বুঝাইবে—

(ক) ১ম শ্রেণীভুক্ত পদে চাকরির প্রকৃত সময়কাল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৩ এবং ৩০ জুন, ১৯৭৭ পর্যন্ত জাতীয় বেতনস্কেলের ৫ম গ্রেডের অন্তর্ভুক্ত ছিল অথবা যে সকল পদ ১ জুলাই, ১৯৭৭ তারিখে বা তাহার পরে নতুন জাতীয় বেতন স্কেল টাকা ৭৫০—১৪৭০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল অথবা যে সকল পদ ১ জুন, ১৯৮৫ তারিখে বা তাহার পরে সংশোধিত বেতন স্কেল টাকা ১৬৫০—৩০২০ বা তদূর্ধ্ব স্কেলে ছিল এবং ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এ টাকা ২৮৫০—৫১৫৫ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতনস্কেল, ১৯৯৭ এ টাকা ৪৩০০—৭৭৪০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত ছিল, জাতীয় বেতনস্কেল, ২০০৫ এ টাকা ৬৮০০—১৩০৯০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত এবং জাতীয় বেতনস্কেল, ২০০৯ এ টাকা ১১০০০—২০৩৭০ বা তদূর্ধ্ব স্কেলভুক্ত সেই সকল পদের যে কোন এক বা একাধিক পদে চাকরির প্রকৃত সময়কাল; তৎসহ


মূল্য : টাকা ৪.০০

(খ) যে সকল পদ ৩০ জুন, ১৯৭৩ তারিখের পূর্বে ২য় শ্রেণী (গেজেটেড) হিসাবে শ্রেণীভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৭৩ হইতে ৩০ জুন, ১৯৭৭ তারিখের মধ্যে যে সকল পদ জাতীয় বেতনস্কেলের ৬ষ্ঠ গ্রেডভুক্ত ছিল কিংবা ১ জুলাই, ১৯৭৭ তারিখ হইতে নতুন জাতীয় বেতনস্কেলে টাকা ৬২৫—১৩১৫, টাকা ৪৭০—১১৩৫, বা টাকা ৪২৫—১০৩৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুন, ১৯৮৫ হইতে সংশোধিত নূতন বেতনস্কেলে টাকা ১৩৫০—২৭৫০, টাকা ১০০০—২২৮০ বা টাকা ৯০০—২০৭৫ স্কেলভুক্ত ছিল অথবা ১ জুলাই, ১৯৯১ হইতে জাতীয় বেতনস্কেল, ১৯৯১ এ টাকা ২৩০০—৪৪৮০ বা টাকা ১৭২৫—৩৭২৫ বা টাকা ১৫৫০—৩৪০৫ স্কেলভুক্ত ছিল এবং জাতীয় বেতনস্কেল, ১৯৯৭ এ টাকা ৩৪০০—৬৬২৫ বা টাকা ২৫৫০—৫৫০৫ বা টাকা ২৩৭৫—৫১৩০ স্কেলভুক্ত ছিল, এবং জাতীয় বেতনস্কেল ২০০৫ এ টাকা ৫১০০—১০৩৬০ বা টাকা ৪১০০—৮৮২০ বা টাকা ৩৭০০—৮০৬০ স্কেলভুক্ত, জাতীয় বেতনস্কেল, ২০০৯ এ টাকা ৮০০০—১৬৫৪০ বা টাকা ৬৪০০—১৪২৫৫ বা টাকা ৫৯০০—১৩১২৫ স্কেলভুক্ত, সেই সকল এক বা একাধিক পদের চাকরির প্রকৃত সময়ের অর্ধকাল; তৎসহ

(গ) অন্যান্য প্রকৃত চাকরির এক-চতুর্থাংশ।"।

(আ) উপ-অনুচ্ছেদ (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(২) প্রয়োজনীয় চাকরির সময়কাল হইতে কম প্রত্যেক বৎসরের জন্য বর্তমান বেতন এবং অনুচ্ছেদ ৬ মোতাবেক নির্ণীত জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর প্রারম্ভিক বেতনের পার্থক্যের শতকরা ২০ ভাগ কম প্রদান করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, কোন ক্ষেত্রেই এইরূপ কম প্রদানের পরিমাণ উল্লিখিত পার্থক্যের শতকরা ৬০ ভাগের অধিক হইবে না।"।

২। ইহা ০১-০৭-২০০৯ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইমদাদুল হক**
অতিরিক্ত সচিব।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd